

Handwritten signature: Md. Humayun R. circulate

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক (এমআইএস) এর দপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd



নম্বর: ৪৫.০১.০০০০.০০০.০১৯.১৮.০০০১.২২.৪০৪

তারিখ: ৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

প্রাপক:

- ১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল ও ইনস্টিটিউট (সকল)।
- ২। পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয় (সকল)।
- ৩। তত্ত্বাবধায়ক, জেলা সদর/জেনারেল হাসপাতাল (সকল)।
- ৪। সিভিল সার্জন, (সকল)।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, (সকল)।

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা বাস্তবায়নে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে 'ফেস পুশ-পুল' সাপোর্টেড বায়োমেট্রিক ডিভাইস স্থাপন এবং শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণ সংক্রান্ত।

- সূত্র: ১) মাননীয় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য সেবা বিভাগ পরিদর্শনপূর্বক প্রদানকৃত অনুশাসনের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের পর্যালোচনা সভার কার্যবিবরণী; তারিখ: ১৬ আগস্ট ২০২৬ খ্রি:।
- ২) এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৫.০১.০০০০.০০০.০১৯.০৪.০০০১.২৫.৩২৯, তারিখ: ২০ জুলাই ২০২৬ খ্রি:।


উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৬ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী, দেশের সকল সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করার জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কার্যকর বায়োমেট্রিক উপস্থিতি ব্যবস্থা পূর্ণাঙ্গভাবে চালু করা বাধ্যতামূলক।

যেহেতু বর্তমানে এমআইএস শাখা হতে সরাসরি বায়োমেট্রিক মেশিন সরবরাহ করা হয় না, সেহেতু যে সকল প্রতিষ্ঠানে নতুন মেশিন প্রয়োজন, তারা পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০২৫ এর আলোকে স্থানীয় বাজেট বা বরাদ্দকৃত অর্থ হতে দ্রুত মেশিন ক্রয় সম্পন্ন করবেন। ক্রয় ও স্থাপনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালন করা বাঞ্ছনীয়:

- ১) **কারিগরি স্পেসিফিকেশন:** ক্রয়কৃত বায়োমেট্রিক মেশিনটি অবশ্যই 'ফেস পুশ-পুল' (Face Push-Pull) এবং ফেস রিকগনিশন (Face Recognition) প্রযুক্তি সক্ষম হতে হবে।
- ২) **এমআইএস সিস্টেমে অনবোর্ডিং:** সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ দায়িত্ব ও খরচে মেশিনটি সেটআপ এমআইএস সিস্টেমে অনবোর্ড (Onboard) করে স্বয়ংক্রিয় ডাটা এক্সচেঞ্জ (Data Exchange) নিশ্চিত করতে হবে।
- ৩) **বিল পরিশোধের পূর্বশর্ত:** এমআইএস সিস্টেমে সফলভাবে মেশিন অনবোর্ড এবং ডাটা সিঙ্ক টেস্ট নিশ্চিত হওয়া ব্যতীত কোনো অবস্থাতেই সরবরাহকারীকে বিলের পূর্ণ অর্থ পরিশোধ করা যাবে না।

এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক কেন্দ্রীয়ভাবে রিয়েল-টাইম ডিজিটাল ড্যাশবোর্ড (Real-time Digital Dashboard) কার্যকর রয়েছে, যার মাধ্যমে মন্ত্রণালয়, অধিদপ্তর, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ তাঁর অধীনস্থ সকল প্রতিষ্ঠানের উপস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণ করতে সক্ষম। কাজেই প্রতিটি স্বাস্থ্য প্রতিষ্ঠানের প্রধানকে নিয়মিত ই-হাজিরা মনিটরিং করতে হবে এবং প্রতি সপ্তাহে বা যোমেট্রিক হাজিরার প্রতিবেদন নিয়মমাফিক উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

অতএব, জনস্বার্থে ও স্বাস্থ্য সেবার মানোন্নয়নে আপনার নিয়ন্ত্রণাধীন সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে আগামী ৩০ দিনের মধ্যে ফেস রিকগনিশন বায়োমেট্রিক হাজিরা মেশিন স্থাপন, এমআইএস সিস্টেমে অনবোর্ডিং এবং কর্মকর্তা ও কর্মচারীদের শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ নির্দেশনা প্রদান করা হলো।



২০-০৮-২০২৬

ডা: আবু আহম্মদ আল মামুন

পরিচালক (এমআইএস)

ফোন : ৫৮৮১৬৪১২

ইমেইল : director@mis.dghs.gov.bd

নম্বর: ৪৫.০১.০০০০.০০০.০১৯.১৮.০০০১.২২.৪০৪/১ (৮)

তারিখ: ৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃ: আ: সচিব মহোদয়ের একান্ত সচিব।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও গবেষণা/হাসপাতাল ও ক্লিনিক/অর্থ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। প্রধান (এইচআইইউ), এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। বিভাগীয় মনিটরিং কর্মকর্তা, সকল।



২০-০৮-২০২৬

মুহাম্মদ জিয়াউল আলম চৌধুরী

সিস্টেম এনালিস্ট

Pl. circulate
22.08.20

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য সেবা বিভাগ পরিদর্শনপূর্বক প্রদানকৃত অনুরোধের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: কামরুজ্জামান চৌধুরী
: সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সভাকক্ষ
তারিখ ও সময় : ১৬.০৮.২০২৬ বেলা : ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের উপস্থিতি নিশ্চিতকরণ এবং জবাবদিহিতা বৃদ্ধি সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ বিস্তারিত আলোচনা করা হয়।

০২। প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ এবং সে আলোকে গৃহিত সিদ্ধান্ত নিম্নরূপ:

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	ক) সরকারি হাসপাতালে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে। খ) পরবর্তী ৩০ দিনের মধ্যে বায়োমেট্রিক উপস্থিতি ও জিও-ফেপিং প্রযুক্তি চালু করতে হবে। গ) সকল উপস্থিতির তথ্য IBAS++-এর সাথে সমন্বয় করে বেতন, ছুটি ও পদোন্নতির সাথে সংযুক্ত করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। IBASS++ সিনিয়র পরামর্শক জানান স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা, কর্মচারীদের ডিউটি রোটার, ছুটি ইত্যাদি ভিন্নতা থাকায় তা আইবাসের সাথে অন্তর্ভুক্ত করার জন্য সিস্টেমে এসব যুক্ত করতে হবে বা সে আলোকে ব্যবস্থা নিতে হবে, এর জন্য অনেক প্রক্রিয়া/কার্যক্রম গ্রহণ করতে হবে। ঘ) চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের উপস্থিতি পর্ববেক্ষনে রিয়েল টাইম ডিজিটাল ড্যাশবোর্ড স্থাপন করতে হবে।	ক) স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করার জন্য বিভাগীয় পরিচালক, তত্ত্বাবধায়ক, সিভিল সার্জনদের তালিমপত্র দিতে হবে এবং প্রতি সপ্তাহে ই- হাজিরা সংক্রান্ত রিপোর্ট প্রেরণ করার জন্য নির্দেশনা দিতে হবে। খ) বায়োমেট্রিক উপস্থিতি ব্যবস্থা কার্যকর করার জন্য সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বায়োমেট্রিক মেশিন চালু/সচল করতে হবে। এজন্য প্রয়োজনীয় অর্থ স্বাস্থ্য অধিদপ্তর হতে গ্রহণ করতে হবে। সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে Biometric face recognition প্রযুক্তি চালু করার জন্য স্বাস্থ্য অধিদপ্তর অদ্যই পত্র প্রেরণ করবে। গ) সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে আয়ন ব্যয়ন কর্মকর্তা চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করে বেতন বিল অগ্রায়ন করবেন। কোন চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী কর্মস্থলে অনুপস্থিত থাকলে, তার অনুপস্থিতির বিষয়টি নিশ্চিন্ত না করা পর্যন্ত বেতন বিল অগ্রায়ন করবেন না। ঘ) MIS, স্বাস্থ্য অধিদপ্তর IBAS++-এর সাথে সমন্বয় করে বেতন, ছুটি ও পদোন্নতির সম্ভাব্যতা যাচাইপূর্বক প্রতিবেদন দিবেন। ঙ) চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের উপস্থিতি পর্ববেক্ষনে স্বাস্থ্য অধিদপ্তরের MIS আগামী ৩ সপ্তাহের মধ্যে রিয়েল টাইম ডিজিটাল ড্যাশবোর্ড স্থাপন করবে। চ) মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে বিভাগ/জেলাভিত্তিক ট্যাগ অফিসারগণ বায়োমেট্রিক হাজিরা মনিটর করবেন।	প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

৩. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর)

(মো: কামরুজ্জামান চৌধুরী)

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়